# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কৃষিশিক্ষা

### সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | ১ | ৩ | ৪ |

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট

পূর্ণমান — ৫০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।*

১.▶ বেলাল সাহেব তার পুকুরে ১০ কেজি পোনা ছেড়ে ৪০ কেজি সম্পূরক খাদ্য প্রয়োগ করে বছর শেষে ১৮০ কেজি মাছ পেলেন।


ক. অ্যালজি কাকে বলে? ১

খ. মাছের প্রাকৃতিক খাদ্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের প্রয়োগকৃত খাদ্যের FCR নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের উল্লেখিত খাদ্যের গুণাগুণ বিশ্লেষণ কর। ৪

২.▶



চিত্র: ভূমিক্ষয়

Teachingbd24.com

https://teachingbd24.com

ক. মৌল বীজ কাকে বলে? ১

খ. বীজ সংরক্ষণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ভূমিক্ষয় ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ভূমিক্ষয়ের সাথে নালা ভূমিক্ষয়ের তুলনা কর। ৪

**৩.▶** আহাদ সাহেব তার হাজামজা পুকুর সংস্কার করলেন। তিনি দেখতে পেলেন পুকুরে বেশকিছু রাক্ষুসে মাছ রয়েছে। তিনি মাছগুলো নিধনের ব্যবস্থা করলেন। পদ্ধতি হিসেবে তিনি রোটেনন ব্যবহার করলেন।

ক. অভয়াশ্রম কাকে বলে? ১

খ. মৎস্য অভয়াশ্রমের দুটি গুরুত্ব লেখ। ২

গ. আহাদ সাহেবের রাক্ষুসে মাছ নিধনের পদ্ধতি ব্যাখ্যা কর। ৩

ঘ. আহাদ সাহেবের পুকুর সংস্কার কার্যক্রমটির মূল্যায়ন কর। ৪

**৪.▶** অভিজ্ঞ কৃষক কামাল সাহেবের জমির দৈর্ঘ্য ১০ মি। তিনি বিএডিসি বীজ বিক্রয় কেন্দ্র হতে ৬ কেজি বীজ ক্রয় করলেন। ধানবীজ বপনের জন্য বীজতলা তৈরি করলেন। এতে তিনি মানসম্মত চারা পেলেন।

ক. চরকা কাকে বলে? ১

খ. উফশী জাতের ধানের বৈশিষ্ট্য লিখ। ২

Teachingbd24.com

গ. চিত্র এঁকে কামাল সাহেবের বীজতলার ব্যাখ্যা কর। ৩

ঘ. কামাল সাহেবের কার্যক্রমের যথার্থতা নিরূপন কর। ৪

৫.▶ বেগুন একটি জনপ্রিয় এবং সারা বছর চাষ উপযোগী সবজি হওয়ায় সজল বাবু বেগুন চাষ করেন। এ বছর তিনি তার ২ হেক্টর জমিতে বেগুনের চাষ করার জন্য প্রয়োজনীয় সার প্রয়োগ করেন। এরপর চারা রোপণ করে প্রয়োজনীয় পরিচর্যা ও রোগবালাই করেন।

ক. আনারসের তিনটি জাতের নাম লিখ। ১

খ. বেগুন বেশিক্ষণ বস্তায় রাখা ঠিক নয় কেন? ২

গ. সজল বাবুর বেগুনের জমিতে সারের পরিমাণ নির্ধারণ করে প্রয়োগ ব্যাখ্যা কর। ৩

ঘ. উপযুক্ত পরিচর্যা সজল বাবুর বেগুন চাষে অন্যতম সাফল্য এনে দিতে পারে— বিশ্লেষণ কর। ৪

৬.▶ মোতালেব সাহেব কৃষি কর্মকর্তার পরামর্শে তার বাড়ির দক্ষিণ দিকে উঁচু জায়গায় ৪ শতক জমিতে ১৫ সেমি × ১০ সেমি আকারের পলিব্যাগ দিয়ে মেহগনি বীজ বপন করেন। উপযুক্ত পরিচর্যায় তিনি সাফল্য পান।

ক. নার্সারি কাকে বলে? ১

খ. বনবিধি কী? ব্যাখ্যা কর। ২

গ. মোতালেব সাহেবের নার্সারিতে চারার সংখ্যা নির্ণয় কর। ৩

Teachingbd24.com

ঘ. মোতালেব সাহেবের সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

৭.▶ ময়না বেগমের একটি লালসিন্ধি গাভি আছে। তিনি প্রতিদিন সকালে ও বিকালে দু'বার দুধ দোহন করেন। দুধ দোহনের পূর্বে তাকে বেশকিছু কার্যক্রম করতে হয়।

ক. পারিবারিক খামার কাকে বলে? ১

খ. পারিবারিক মৎস্য খামার প্রয়োজন কেন? ২

গ. ময়না বেগম কীভাবে দুধ দোহন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রক্রিয়াটি কী বাণিজ্যিক খামারের ক্ষেত্রে প্রযোজ্য? উত্তরের সপক্ষে ব্যাখ্যা দাও। ৪

৮.▶ জোনাব কবিরাজ তার বাড়ির পাশে তুলসী, অর্জুন, বহেরা, হরিতকী, আমলকী, কালোমেঘ ইত্যাদি গাছ লাগিয়েছেন। এসব গাছের বিভিন্ন অংশের দ্বারা তিনি বিভিন্ন রোগের ঔষধ তৈরি করেন। কাসেমের ছেলের হাঁপানির সাথে লিভারের দোষ আছে।

ক. একটি ছত্রাকনাশকের নাম লিখ। ১

খ. ত্রিফলার গুণাগুণ ব্যাখ্যা কর। ২

গ. কাসেমের ছেলের চিকিৎসায় জোনাব কবিরাজ কী করবেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপটে উপরোক্ত ঔষধি উদ্ভিদগুলোর গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

teachingbd24.com

https://teachingbd24.com

# কৃষিশিক্ষা

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ২৫ মিনিট    পূর্ণমান — ২৫    বিষয় কোড: | ১ | ৩ | ৪ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. পাহাড়ি ও পাদভূমি অঞ্চলের মাটি কোন প্রকৃতির?

ক বেলে-দোআঁশ    খ দোআঁশ
গ কর্দম    ঘ কঙ্করময়

২. গরুকে দৈনিক কত কেজি শুকনো খড় দিতে হয়?

ক ১-২ কেজি    খ ৩-৪ কেজি
গ ৫-৭ কেজি    ঘ ৮-১০ কেজি

৩. খরা অবস্থায় বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ থাকে —

ক বেশি    খ প্রখর
গ কম    ঘ অধিক

৪. বাতাসে ও সমুদ্রপৃষ্ঠে তাপমাত্রা বৃদ্ধির কারণ

ক কার্বন ডাই-অক্সাইড    খ অক্সিজেন
গ নাইট্রোজেন    ঘ হিলিয়াম

৫. সবজি পরিবহন করা হয়—

ক চটের বস্তায়    খ বাঁশের টুকরিতে
গ পানিমুক্ত পাত্রে    ঘ ভাঁজ করে

৬. কাদা মাটি অঞ্চলের প্রধান ফসল কোনটি?

ক গম    খ ভুট্টা
গ ধান    ঘ পাট

৭. ফাইটোপ্লাঙ্কটনের পাশাপাশি জুপ্লাঙ্কটন থাকলে পানির রং হতে পারে —

i. গাঢ় সবুজ    ii. বাদামি সবুজ
iii. লালচে সবুজ

নিচের কোনটি সঠিক?

ক i ও ii    খ ii ও iii
গ i ও iii    ঘ i, ii ও iii

৮. সম্পূরক খাদ্য হিসাব মাছ কোন জলজ উদ্ভিদ খায়—

ক আগাছ    খ টোপাপানা
গ ক্ষুদিপানা    ঘ শাপলা

৯. পুকুরের কোন স্তরে অক্সিজেনের পরিমাণ সবচেয়ে বেশি থাকে?

ক উপরের স্তরে    খ মধ্য স্তরে
গ নিচের স্তরে    ঘ সকল স্তরে

১০. কোন ধরনের ভূমিক্ষয়ে লম্বাকৃতির রেখা সৃষ্টি হয়?

ক রিল ভূমিক্ষয়    খ নালা ভূমিক্ষয়
গ আস্তরন ভূমিক্ষয়    ঘ নদী ভাঙ্গন

১১. দানা শস্যের বীজ সংরক্ষণের জন্য শতকরা কত ভাগ আর্দ্রতা দরকার?

ক ১২%    খ ১৮%
গ ২০%    ঘ ২৪%

১২. গোলাপ গাছে ডাই ব্যাক রোগের লক্ষণ নিচের কোনটি?

ক গাছ পাতা শূন্য হয়ে যায়
খ গাছের পাতা হলুদ হয়
গ ফুল ছোট হয়
ঘ গাছের ডাল বা কাণ্ড মাথা থেকে কালো হয়ে নিচের দিকে সরতে থাকে

১৩. টরি-৭ কোন ফসলের জাত?

ক গাজর    খ ধান
গ গম    ঘ সরিষা

১৪. কোনটি সমতলভূমির বনের বৃক্ষ?

ক শাল    খ গরান
গ গেওয়া    ঘ সুন্দরী

Teachingbd24.com

১৫. **সমবায়ের মূল শর্ত কী?**

(ক) বিনিয়োগ ও বণ্টন

(খ) বিনিয়োগ ও উৎপাদন

(গ) স্বচ্ছতা ও জবাবদিহিতা

(ঘ) মূলধন ও শ্রম

১৬. **সফলভাবে পারিবারিক পোল্ট্রি খামার পরিচালনার জন্য কোনটি প্রয়োজন?**

(ক) মূলধন (খ) শ্রম

(গ) প্রশিক্ষণ (ঘ) বাসস্থান

১৭. **মাটির উপরে গাছের সম্পূর্ণ অংশকে উপড়ে ফেলাকে কী বলে?**

(ক) রোগিং (খ) মালচিং

(গ) হামপুলিং (ঘ) সেকিং

১৮. **প্রতিকূল পরিবেশে বেঁচে থাকার জন্য উদ্ভিদের নিজেকে খাপ খাইয়ে নেয়ার কৌশলকে কী বলে?**

(ক) অভিস্রবণ

(খ) অভিযোজন

(গ) প্রস্বেদন

(ঘ) সালোকসংশ্লেষণ

১৯. **সিগাটোগা কোন ফসলের রোগ?**

(ক) আম (খ) জাম

(গ) কলা (ঘ) লিচু

২০. **কোনটি মাটিতে নাইট্রোজেন সংগ্রহ করতে পারে?**

(ক) গম (খ) ডাল

(গ) বেগুন (ঘ) আখ

২১. **কীসের দ্বারা ব্যাতাজনিত ভূমিক্ষয় হয়?**

(ক) পানি (খ) বৃষ্টি

(গ) বায়ু (ঘ) ছোট নালা

২২. **অধিক তাপমাত্রায় বীজ শুকানোর ফলে —**

i. বীজের জীবনীশক্তি হ্রাস পায়

ii. বীজ জীবাণুমুক্ত হয়

iii. অঙ্কুরোগদম ক্ষমতা হ্রাস পায়

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩. **টিউবারের মাধ্যমে নিচের কোনটির বংশ বিস্তার করা হয়?**

(ক) আনারস (খ) কলা

(গ) আদা (ঘ) আলু

২৪. **বন্যাকালীন সময়ের গবাদিপশুকে —**

i. হে ও সাইলেজ খাওয়ানো যেতে পারে

ii. কলা গাছ খাওয়ানো যেতে পারে

iii. ইউরিয়া মোলাসেস ব্লক খাওয়ানো যেতে পারে

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. **কাঠ ও বাঁশকে সিজনিং করলে—**

i. গুণাগতমান বৃদ্ধি পায়

ii. পুরুত্ব বৃদ্ধি পায়

iii. স্থায়ীত্ব বৃদ্ধি পায়

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | খ | ৩ | গ | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | ক | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ঘ |
| | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ক | ২১ | গ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | খ | | |

https://teachingbd24.com